ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

অথর্ব্ববেদীয়-

অল্লোপনিষৎ।

(শ্রুতি-বৃত্তি-বঙ্গানুবাদ-সমেতা।)

চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "পঞ্চদশী" "কৃত্যকল্পদ্রুম"
"কামসূত্র" "বেদান্তরত্নাবলী" "বেদমাতা-গায়ত্রী" পুরাণ,
তন্ত্র, যোগ ষড়্দর্শনাদি বিবিধ-শাস্ত্র-প্রকাশক-

শ্রীমহেশচন্দ্রপালেন

সঙ্কলিতা প্রকাশিতা চ।

(উপনিষৎ-কার্য্যালয়। ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতারাজধান্যাম্।

৬৯ নং, সুখিয়া ষ্ট্রীটস্থ-মহাকালীনামমুদ্রাযন্ত্রালয়তঃ
শ্রীঅবিনাশচন্দ্রমল্লিকেন মুদ্রিতা।

১৩১৪ বঙ্গাব্দীয়বৈশাখে মাসি।

॥ ওঁ ॥ তৎসৎ ॥ ওঁ ॥

অথর্ব্ববেদীয়-

অল্লোপনিষৎ ।

॥ ওঁ নমঃ পরমাত্মনে ॥ হরিঃ ওঁ ॥

হরি ওঁম্ ॥ বরুণ সু দিব্যাসুদাত্তং ইল্ললে মিত্রা হ্রীং ॥ ১ ॥

অস্মল্লাং ইল্ললে মিত্রাবরুণা দিব্যানি ধত্তে ॥ ২ ॥

ওঁ তৎসৎ ॥ অথাস্য ঋষিরথর্ব্বা ছন্দসি লক্ষ্যাপনিষদং পশ্যন্নুবাচ । হে বরুণ ! সু বিতর্কে বিতর্কয়ামি, দিব্যান্ দিবি ভবান্, দ্যোতনস্বভাবং বা ক্রীড়াময়ং অচিন্ত্যশক্তিং উদাত্তং মহান্তং ইৎ এব, লল্লে ইচ্ছামি। মিত্রা মিত্রং সর্ব্বজ্ঞং পুরুষং প্রণববাচ্যম্। হে বরুণ ! অহমিদানীং লীলাময়মচিন্ত্যশক্তিং মহান্তং সর্ব্বজ্ঞং প্রণববাচ্যং পুরুষমেব বিতর্কয়িতুমিচ্ছামি, তত্র ত্বয়া সহায়েন ভবিতব্যমিতি ভাবঃ ॥ ১ ॥

যতো ভবান্ অস্মং—অস্মচ্ছব্দবাচ্যেভ্যো মাদৃশেভ্যো জীবেভ্যো লাং গ্রহণং পাপপুণ্যয়োরাধারভূতস্ত সর্গান্তরবীজস্য লিঙ্গস্যেতি কৃত্বা ইল্ শয়িতঃ সুষুপ্তঃ স্বস্বরূপে অল্লে ব্রহ্মণি, সৎসম্পন্নঃ সন্ পরস্মাদব্যবহিতো ভবন্ মিত্রা মিদ্যতি স্নিহ্যত্যাত্মানমনুগৃহ্নাতি, ততশ্চ বরুণা বরুণো ব্যাপ্ত্যতিশয়াত্মা দিব্যানি অপি বিশ্বানি আকাশাদিভূতানি ধত্তে ধারয়তি। অতো বিজ্ঞাপনং মে নাযুক্তমিতি ॥ ২ ॥

হে বরুণ ! আমি এখন সেই লীলাময় অচিন্ত্যশক্তি প্রণবের বাচ্য-স্বরূপ সর্ব্বজ্ঞ মহান্ পুরুষকেই বিবেচনা করিতে ইচ্ছা করিয়াছি। তাহাতে তুমি সহায় হও ॥ ১ ॥

যে হেতু তুমি আমাদিগের নিকট হইতে পাপপুণ্যের আশ্রয় স্থান, এবং পুনর্জ্জন্মের বীজস্বরূপ সূক্ষ্মদেহ গুলি গ্রহণ করিয়া, তোমার আত্ম-স্বরূপ যে ব্রহ্ম, তাঁহার সহিত একই হইয়া যাও এবং আবার অনুগ্রহ করিয়া স্বভাবের বিকাশ ও আকাশাদিক্রমে সকলেরই সৃষ্টিপূর্ব্বক পোষণ করিয়া থাক ॥ ২ ॥

ইল্ললে বরুণো রাজা পুনর্দ্দদুঃ ॥ ৩ ॥

হ্বয়ামি মিত্রো ইল্লাং ইল্ললে ইল্লাং

বরুণো মিত্রো তেজকামঃ ॥ ৪ ॥

হ্রূং হোতারমিন্দ্রো হোতা ইন্দ্রো রামা হাসুরিন্দ্রাঃ।

ইল্—শরিতারো ভবন্তঃ প্রাক্ ত্বয়ি, অল্লে মহিম্নো ভূষণায় জগতো ধর্ত্তরি ; নতু বস্তুতঃ ; তস্মিন্ পরমাত্মনি রাজা দীপ্যমানো বরুণঃ বৃংহণোঽপি ইতি জানন্তঃ পুনস্তে স্বল্লোকবাসিনো বিদ্বাংসোঽপি লিঙ্গানি দদুঃ সমর্পয়ন্তি স্ম ॥ ৩ ॥

অতো হ্বয়ামি ত্বাং মিত্রোঽহং তে সখা সযুক্ ইল্লাং অভিন্নপালম্ পাল্যানামস্মদাদীনাং, ইং এব অল্লে ভূষায়ৈ প্রকটং গৃহীতবতি, ন পরমার্থতঃ, ইল্লাং ইল্ললাং শয়ানং একীভূতং, যদ্যপি অহং স্বরূপতএব বরুণঃ ব্যাপ্তিমান্ মিত্রো হনুগ্রহীতা, তথাপ্যধুনাঽস্মি যতস্তেজকামঃ,—তেজস্কাম ইতি ॥ ৪ ॥

পর্য্যাপ্তেঽধিকারে হিরণ্যগর্ভং হোতারং প্রপঞ্চস্যাদায় ইন্দ্রঃ পরমাত্মা হোতা স্বে মহিম্নি। ইন্দ্র এব পরমাত্মা রামা অভিরমমাণা মায়ায়াং হ নিশ্চিতং আসুর্বভূবুঃ লীলয়া স্বকীয়াং শক্তি-চ্ছভূতাং মায়াং জগদ্বীজং গৃহ্নন্তঃ তদ-

---

তুমি ব্রহ্মসদৃশ হইয়া ব্রহ্মে বিরাজ কর, ইহা জানিয়া বিদ্বান্ গণ পূর্ব্বেও যদ্যপি তোমাতে প্রবিষ্ট হইয়া আবার জগতে প্রত্যাবর্ত্তিত হইয়াছেন, তথাপি আবারও তোমাতেই আত্মসমর্পণ করিয়াছেন ॥ ৩ ॥

যদ্যপি আমিও বাস্তবিক তোমারই ন্যায় ব্যাপ্তিমান্ ও অনুগ্রহকারী, তথাপি এখন তোমার সহযোগী সখার ন্যায় তেজঃ কামনা করিয়া তোমাকে আহ্বান করিতেছি ; কারণ, তুমি ব্রহ্মের সহিত অভিন্ন আছ বলিয়া আমার সহিত তোমার কোনরূপ ভেদ না থাকিলেও তুমি এখন পালক, আর আমি তোমার পাল্য ॥ ৪ ॥

ব্রহ্মরূপকুণ্ডে বিশ্বপ্রপঞ্চের হোমকারী ঈশ্বরকে * গ্রহণ করিয়া পরমাত্মা ইন্দ্র নিজমহিমায় হোম করেন। আবার সেই ইন্দ্রই মায়ায় অভিরমণ করিয়া অজ্ঞানবশে মায়ার অধীন হইয়া বহু ইন্দ্র হইয়াছিলেন। অল্লই (পরমাত্মা

---

* ঈশ্বর নিজশরীরে সমস্ত জগতের সংহারকার্য্য সাধন করিয়া থাকেন। আবার তিনি ব্রহ্মে যাইয়াই বিলীন হন। ইহাই "হোমকারী ঈশ্বর"—রূপকের বর্ণনীয়।

অল্লো জ্যেষ্ঠং শ্রেষ্ঠং পরমং পূর্ণং ব্রহ্মণ অল্লাম্ ॥ ৫ ॥

হ্রাং অল্লোঽরসুরমহমদরকং বরস্য অল্লো অল্লাং

আদলাবুকমেককং অল্লাবুকং নিখাতকম্ ॥ ৬ ॥

অল্লো যজ্ঞেন হুত্বঃ অল্লা সূর্য্যচন্দ্রসর্ব্বনক্ষত্রাঃ

ধীনাঃ ক্ষুদ্রা ইন্দ্রা ঈশ্বরা অবিদ্যয়েতি। তস্মাৎ অল্লো মায়াগৃহীতবিচিত্র-বেশো জ্যেষ্ঠং জ্যায়ো ব্রহ্মণঃ, শ্রেষ্ঠং শ্রেয়ঃ তস্মাৎ পরগ্রহণাৎ. যতঃ পরমং পরোঽপি স মীয়তে তস্মিন্নিতি। কথং? যতঃ পূর্ণং পূরিতং সর্ব্বৈঃ পূর্যৈরিতি তং ব্রহ্মণঃ হিরণ্যগর্ভস্যাপি অল্লাং মাতরং কেবলমাহুর্ঋচ ইতি ॥ ৫ ॥

অল্লঃ পরং ব্রহ্ম অর্ গতবান্ অসুরং—সুরঃ সদ্ভাবঃ, স ন ভবতীত্যসুরস্তং; কিং? অহং অহমাকারেণ জায়মানম্ অভিমানম্, অদরকং অশঙ্কিতং, যস্মাৎ তেনাক্রান্তো ভীরুতাং নোপৈতি; কস্য? বরস্য বরণীয়স্য শ্রেষ্ঠস্য; তথাপি অল্লঃ পর এব, মিথ্যাত্বাৎ কল্পিতস্য, স্বকালাবস্থায়িত্বাচ্চ স্বরূপস্য; অল্লাং জননীং তস্যৈব প্রকৃতিং প্রাপ্য স্বরূপতোঽপ্রাপ্যোবাঽভবৎ। কিঞ্চ আদ ভক্ষয়ামাস পশূনিব দেবঃ স লাবুকং চ্ছেদকং ধর্ম্মসেতোঃ, এককং সহায়হীনং, অৎ আশ্চর্য্যং ইদমেব যৎ, লাবুকমপি; তথাপি নিখাতকং প্রোতং জগদ্ব্যাপারে ইত্যর্থঃ ॥ ৬ ॥

অল্লো যজ্ঞেন পঞ্চসু পঞ্চানামাহুতিব্যাপারেণ হুত্বঃ হুত্বা পঞ্চীকৃত্য অল্লা

ইন্দ্রই) ঈশ্বর অপেক্ষা জ্যেষ্ঠ, ঈশ্বরকে গ্রহণ করা অপেক্ষা অল্লকে গ্রহণ করাই শ্রেয়ঃ, যে হেতু ঈশ্বরও তাঁহার নিকট পরিমিত ক্ষুদ্র, পরমাত্মা সর্ব্বথাই পূর্ণ; এইজন্য তিনি ঈশ্বরেরও জননী এই কথা ঋক্-সকল বলিয়া থাকেন ॥ ৫ ॥

যদ্যপি পরমাত্মাই সুরবিগর্হিত অসদ্ভাব প্রাপ্ত হইয়াছিলেন, (অর্থাৎ মায়ার অধীন হইয়া বহু হইয়াছিলেন), যদ্দ্বারা অভিমান পরিস্ফুটভাবে জন্মিয়া কোনও শ্রেষ্ঠ জীবের শঙ্কাই করে না। তথাপি পরমাত্মা পরমাত্মাই ছিলেন এবং সেই অভিমানকে তিনি, (পশুকে যেমন দেবতা ভক্ষণ করেন), সেইরূপ ধর্ম্মসেতুর উচ্ছেদকারক সহায়হীন এবং জগদ্ব্যাপারে প্রোত সেই অহঙ্কারকে বিদূরিত বা গ্রাস করিয়াছিলেন ॥ ৬ ॥

পরমাত্মা যজ্ঞদ্বারা,—অর্থাৎ আকাশাদি পঞ্চভূতে পঞ্চ ক্ষিত্যাদির আহুতি ব্যাপারদ্বারা * পঞ্চীকরণরূপ হোম নিষ্পন্ন করিয়া নানা বিচিত্রাবয়ব সূর্য্য

---

* পঞ্চীকরণ সম্বন্ধে বিশেষ জানিতে হইলে শ্রীযুক্ত মহেশচন্দ্র পালের সঙ্কলিত "কৃত্যকল্পদ্রুমের ষষ্ঠ কাণ্ড" দ্রষ্টব্য।

অল্লো ঋষীণাং স বিদ্যা ইন্দ্রায়
পূর্ব্বং মায়া পরমন্ত অন্তরীক্ষাঃ ॥ ৭ ॥
অল্লো পৃথিব্যা অন্তরীক্ষং
বি ত্বরূপং দিব্যানি ধত্তে।
ইল্লল্লে বরুণো রাজা পুনর্দ্দতুঃ।

বিচিত্রসংস্থানানি সূর্য্যাচন্দ্রমসৌ সর্ব্বাণি চ নক্ষত্রাণি বভূব। তথা অল্লঃ ঋষীণাং প্রথমভুবাং সনকাদীনাং স এব বিদ্যা অভেদাত্মকং জ্ঞানমাসীদেব। কিঞ্চ ইন্দ্রায় ইন্দ্রং প্রেরয়িতুং জগদ্ব্যাপারে পূর্ব্বং কারণং আসীৎ স মায়া নাম। পরং কারণং কেবলং অ.স্তু জগতোঽবসানে স্থাস্যতি চ সঃ। প্রেরণে দ্বারমাহ অন্তরীক্ষা ইতি। ইন্দ্রস্য অন্তঃ হৃদয়ে জাতা ঈক্ষা ঈক্ষণরূপাঃ মায়া ইতি ॥ ৭ ॥

অল্লঃ পৃথিবী আ অন্তরীক্ষং পৃথিবীমারভ্যাকাশপর্য্যন্তং বি তু অপি অরূপং যথা ভবতি তথা, দিব্যানি দিবি ভবানি দ্যোতমানানি বা ধত্তে বিধানং করোতি, যতঃ ইল্ শক্তিতা প্রবিষ্ট একীভূয় বরুণো রাজা রাজমানঃ আস; তস্মাত্তানি পুনর্দ্দিব্যানি রূপাণি তস্মৈ দত্তরবকাশং, যথাচ স্বচ্ছন্দং পশ্যেৎ। ইতি।—ইং-এতীতি লল্লে ঈপ্সাযুক্তে কবরে স্তুতেঃ পাঠকে ইৎ এন শাং বীর্য্যেষু

চন্দ্র ও সকল নক্ষত্রকে নিজরূপে প্রকাশিত করিয়াছিলেন; কিন্তু তথাপি অল্ল পরমাত্মা প্রথমজাত সনকাদি ঋষিগণের নিকটে জীবব্রহ্মের অভেদাত্মক জ্ঞানরূপ বিদ্যাই ছিলেন, কিছুমাত্র বিকৃত হন নাই। যদ্যপি ঈশ্বরকে জগৎ-সৃষ্টির ব্যাপারে প্রেরণ করিবার জন্য কারণীভূত মায়াও তাঁহার অন্তরে সঙ্কল্প-রূপে উৎপন্ন হইয়াছিলেন, তথাপি তিনি জগতের অবসানকালে (মহা-প্রলয় কালে) আবার কেবল মাত্র কারণস্বরূপে অবস্থান করিবেন ॥ ৭ ॥

অল্লই পৃথিবীকে আরম্ভ করিয়া আকাশ পর্য্যন্ত যাবৎ দ্যোতমান পদার্থের সৃষ্টি করেন; কিন্তু সে সকল সৃষ্টি হইয়াও তাহাদের যে স্বরূপ—রূপহীনতা, তাহা তাঁহাকর্ত্তৃক দূরীকৃত হয় নাই; কারণ, তিনি ব্যাপকরূপে ব্রহ্মের সহিত একীভূত অবস্থায় বিরাজমান ছিলেন। সেই জন্যই, সেই সকল দ্যোতমান দিব্যরূপ পদার্থনিচয় তাঁহাকে আসক্ত করিতে পারে নাই; পরন্তু তিনি (হিরণ্যগর্ভ) যাহাতে স্বচ্ছন্দে তাঁহার (অল্লের) স্বরূপ দর্শন করিতে পারেন,

ইল্লল্লে কবর ইল্লাং কবর ইল্লাং ইল্লেতি ইল্ললে ॥ ৮ ॥

হরিঃ ওঁম্ ॥

অস্য ইল্লাং ইল্লল্লে মিত্রা বরুণো রাজা পুনর্দধ্যুঃ।

হ্বয়ামি মিত্রো ইল্লাং কবর ইল্লাং

রসুলমহমদরকং বরস্য

অল্লে অল্লো পুনর্দধ্যুঃ ॥ ৯ ॥

দানস্য স পরমাত্মা, কবরে স্বস্য সম্পৃক্তে হৃদয়গুহায়াং ইৎ-এতি লাং গ্রহণং—স্বহৃদয়ং করোতীতি ভাবঃ। তৎ কুতঃ? ইল্লা—ইল্ললেতি শায়িতা একীভূত ইতি; কস্মিন্? ইল্ লল্লে তস্মিন্ শয়ানে ব্রহ্মণি শায়িতে, যো হি আত্মানমাত্মত্বেনৈব জানীতে, আত্মাপি তমাত্মত্বেন জানাতীতি ভাবঃ ॥ ৮ ॥

অস্য ক্ষিপ্ত্বা পরিত্যজ্য ইল্লাং প্রাপকগ্রহং ইৎ এব লল্লে কামে, কামএব ফলং প্রাপয়িষ্যতীতি বুদ্ধিং ত্যক্ত্বা মিত্রাবরুণো মিত্রোঽনুগ্রহীতা বরুণো ব্যাপ্ত্যতিশয়াত্মা হিরণ্যগর্ভঃ রাজা দীপ্যমানঃ পরতয়া আস। অতস্তানি পুনর্দিব্যানি তং দধ্যুশ্চিন্তয়ামাসুঃ,—কথমেতং লপ্স্যামহ ইতি। তস্মাৎ হ্বয়ামি হে চেতঃ! অহং তে মিত্রঃ স্নেহকর্ত্তাঽস্মি, শ্রোতব্যং মে বচ ইতি। কথং? উচ্যতে—সততং চিন্তয়, ইল্লাং প্রাপকগ্রহং কবরে সুখময়ে পরেশে, আনন্দ-

---

সেরূপ অবকাশ দিয়াছিল; তিনিও সন্দর্শন করিতে পারিয়াছিলেন। যে যে পরমাত্মার স্তুতি পাঠ করিয়া থাকে, পরমাত্মা তাহাকে তাহাকে উপাসনার যোগ্য বীর্য্যদান করেন। তিনি যে স্থানে (হৃদয়ে) থাকেন, সেই স্থান তাঁহার করিয়া লন; কারণ, তাহাকে যিনি (পরমাত্মা) এক দেখেন, তাঁহাকে সে (সাধক) যদি একই দেখে, তাহা হইলে আর ভেদ থাকিতে পারে না ॥ ৮ ॥

কামনাই ফল প্রদান করিবে,—এই দুষ্টবুদ্ধি পরিত্যাগ করিয়া ব্যাপ্তিমান্ হিরণ্যগর্ভ ব্রহ্মরূপে দীপ্যমান হইয়াছিলেন; সুতরাং কামনীয় সেই সকল দিব্য পদার্থনিচয় তাঁহাকে চিন্তা করিয়াছিল,—আমরা কিরূপে ইঁহাকে প্রাপ্ত হইব? সেইজন্য হে চিত্ত! আমি তোমাকে আহ্বান করিতেছি,—আমি তোমাকে নিরতিশয় স্নেহে লালন পালন করিয়াছি; সুতরাং আমার কথা শ্রবণ করা উচিত। তুমি সর্ব্বদা চিন্তা কর,—আনন্দময় পরেশই তোমার

হরিঃ ওঁম্ ॥

অল্লা ইল্লল্লা আনাদিস্বরূপায় অথর্ব্বণীং শাখাং হ্রীং জনানাং।
পশুসিদ্ধান্ জলচরান্ অদৃষ্টং কুরু কুরু ফট্।
অসুরসংহারিণীং হুং অল্লোহ্‌রসুরমহমদরকং বরস্য
অল্লো অল্লাং ইল্লল্লেতি ইল্লল্লাঃ ॥ ১০ ॥

ইতি আথর্ব্বণশাখায়াং লক্ষ্ম্যুপনিষৎ সম্পূর্ণা ॥

ময়ঃ পরমাত্মৈব কামং প্রাপয়িষ্যতীতি। অন্যচ্চ,—ইল্লাং ইৎ এতীতি লাং লায়া দানস্য ভবৎ; কথং? রসুলং রসং বলয়ন্তং অহং অহঙ্কারং অদরকং অভীরুং বরস্যেতি অল্লে তস্মিন্ পরে চিন্তয়, তেন ত্বমপি অল্লঃ স্যাঃ, তানি পুনর্দিব্যানি রূপাণি ত্বাং দধ্যুরিতি তর্কয়ামি ॥ ৯ ॥

অল্লা জননীর্মায়ায়া অপি, ইৎ এব, লল্লা ইপ্স্যমানা অনাদিস্বরূপায় অনাদিং শাশ্বতং স্বস্য রূপং আবির্ভাবয়িতুং অথর্ব্বণীং অথর্ব্বণ ঋষেঃ সাক্ষাৎ ইমাং শাখাং অথর্ব্বশাখৈকদেশমুপনিষদং ব্রহ্মবিদ্যারহস্যপ্রতিপাদনীং জনানাং দর্শিতবত্যাঃ। তদহমথর্ব্বা দৃষ্টবান্ প্রার্থয়ে,—পশুসিদ্ধান্ পশুষু সিদ্ধান্ আয়ত্তীকৃতপশূন্ জনান্ জলচরান্ জলেষু চ চরান্ চরণসিদ্ধান্, তথা অদৃষ্টং অন্তরীক্ষে-

---

কাম পূরণ করিবেন। আর সমস্ত কামনা প্রাপ্ত হইয়াছ বোধে, তোমার আসক্তির উদ্দীপনাকারী শ্রেষ্ঠের নিকট প্রগল্‌ভতাকারক অহঙ্কারকে পরেশের দ্রব্য বলিয়া চিন্তা কর। তাহা হইলে, তুমিও পরেশ হইবে। আর সেই সকল দ্যোতমান পদার্থনিচয় তোমাকেও ধ্যান করিবে;—আমি এইরূপ ভাবিতেছি॥ ৯ ॥

ঋষি অথর্ব্বা যে বেদশাখা দর্শন করিয়াছিলেন, সেই শাখারই এক দেশ এই উপনিষদ্‌কে, জগতের বীজভূতা মায়ার জন্মদাত্রী অল্লা, জনগণের নিত্যসিদ্ধ স্বরূপ আবির্ভাব করিয়া দিবার জন্য ইচ্ছা করিয়া, উক্ত ঋষিকে দেখাইয়া দিয়াছিলেন। সেই আমি অথর্ব্বা ঋষি সেই এই উপনিষদ্ দেখিয়া প্রার্থনা করিতেছি,—হে অল্ল! তুমি জনগণকে স্থলে,—সর্ব্বভূতের নিকট, স্বাধীনতা

ঽপি সিদ্ধান্ কুরু কুরু ; দ্বিরুক্তিঃ প্রবোধায়, ফড়িতি অভিমুখীকরণায় চ দ্রষ্টব্যম্। অসুরসংহারিণীং তাং অথর্ব্বণীং শাখাং প্রার্থয়ে,—অল্লঃ অর্ প্রাপ্তবান্ অসুরং অহং অদয়কং বরস্তু পূর্ব্ববং, তথাপি সোঽয়ং অল্লঃ অল্লাং তাং ইং তস্যাঃ লব্ধা সন্ লল্লঃ কামকাম্য ইতি ইল্ লল্ল ইতি ॥ ১০ ॥

ইত্যাথর্ব্বণশাখায়াং লল্ল্যুপনিষদ্ সম্পূর্ণা ॥ ০ ॥

ইতি শ্রীমৎ-পদবাক্যপ্রমাণপারাবরীণমহামহোপাধ্যায়ভৈরবচন্দ্রবিদ্যাসাগরাত্মজশ্রীমৎশ্রীকৃষ্ণবিদ্যারত্নসূহরিসূনোঃ শ্রীগঙ্গাচরণবেদান্তবিদ্যাসাগরভট্টাচার্য্যকৃতৌ অল্লোপনিষদ্‌বৃত্তিঃ সমাপ্তা ॥

দাও। জলে ও অন্তরীক্ষে সর্ব্বত্রই স্বাধীনতা দাও, স্বাধীনতা দাও। সেই অথর্ব্বণী অসদ্‌বৃত্তি-বিধ্বংসকারিণী বলিয়াও তাঁহার নিকট প্রার্থনা করি,—শ্রেষ্ঠের নিকট প্রগল্‌ভতা-প্রকাশকারক অসদ্‌বৃত্তি যে অহঙ্কার, যদ্যপি তাহাকে প্রাপ্ত হইয়াই অল্ল-পরমাত্মা জীবভাব প্রাপ্ত হইয়াছেন, তথাপি ত্বৎপ্রসাদে আমি অল্লাকে পাইয়া সেই অল্লই,—সেই পরমাত্মাই হইতেছি। আমি সমস্ত কামের কামনীয়, এই জন্যই সমস্ত কামের কামনীয় হইতেছি ॥ ১০ ॥

ইতি অল্লোপনিষদ্ সম্পূর্ণা।